



নটর ডেম কলেজে ভর্তিপরীক্ষার ফরমের জন্য শিক্ষার্থীদের অপেক্ষা

- সংবাদ

এইচএসসিতে ভর্তি নীতিমালা মানছে না নটর ডেম কলেজ

❖ আদালতে যাচ্ছে ঢাকা শিক্ষা বোর্ড

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালা অনুসরণ করে এসএসসি পরীক্ষার মেধাক্রম অনুসারে দেশের সব কলেজে উচ্চ মাধ্যমিক স্তরের ভর্তি শুরু হলেও নটরডেম কলেজ কর্তৃপক্ষ তা মানতে নারাজ। সরকারের নীতিমালা উপেক্ষা করে এক অভিভাবকের (সুপ্রিম কোর্টের আইনজীবী মো. কদম আলী মল্লিক) নামে আদালতে রিট করে একতরফে ভর্তি পরীক্ষা নিচ্ছে নটরডেম কলেজ কর্তৃপক্ষ। নটরডেম কলেজের এ ধরনের কর্মকাণ্ডকে উসকানিমূলক ও গর্হিত আখ্যায়িত করে কর্তৃপক্ষের বিরুদ্ধে আদালতে যাওয়ার ঘোষণা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয় ও ঢাকা শিক্ষা বোর্ড। গতকাল সোমবার এটর্নি জেনারেলের সঙ্গে কথা বলেছে ঢাকা শিক্ষা বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তারা।

এ বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ফহিমা বাতুন বলেছেন, আমরা আগামীকাল (আজ) অবশ্যই আদালতে যাবি। দেখি কেন তারা একতরফে কাজ করছে। তিনি সরকারের নিয়মনীতি ব্যতীয়ায় গণমাধ্যমসহ সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন।

ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এম ওয়াহিদুল্লাহমান বলেন, নটরডেম কলেজ যা করছে তা ঠিক নয়। দেখা যাক শিক্ষা : পৃষ্ঠা : ২ ত : ২

শিক্ষা : বোর্ড

(১৬ পৃষ্ঠার পর)

কতদূর যেতে পরে তারা। পরীক্ষা নিক। আমরা যানি না কিছু। তারা ই পারলে সটিফিকেটও দিন শিক্ষার্থীদের। ঢাকা কলেজ পরিদর্শক ড. শ্রীকান্ত কুমার চন্দ নটরডেম কলেজ কর্তৃপক্ষকে উদ্দেশ করে বলেন, দেশের ভেতরে কাজ করবেন আর দেশের নিয়মকানুনের বিরুদ্ধে কাজ করবেন তা কেউ মানতে পারে না। নটরডেম কলেজের অধ্যক্ষ ফাদার বেঞ্জামিন কত্তা বলেছেন, আমরা নিজস্ব নিয়মে কাজ করব। তবুই শিক্ষা বোর্ড আদালতে যাবে। যাক। নটরডেম কলেজ কর্তৃপক্ষের খেচ্ছাচারিতায় ক্ষোভ প্রকাশ করেছেন বিভিন্ন কলেজ কর্তৃপক্ষ। তারা হুমকি দিয়েছে নটরডেম কলেজ কর্তৃপক্ষ যদি নিয়ম না মানে তাহলে তারাও নীতিমালা উপেক্ষা করে পরীক্ষা গ্রহণ করবে। কলেজগুলো নটরডেম কলেজের বিরুদ্ধে ডোনেশনে ভর্তির নামে কাঁড়ি কাঁড়ি টাকা কামানোরও অভিযোগ করেছেন। তারা বলেন, ভর্তি পরীক্ষার নামে অসৈনিক ডোনেশন বাণিজ্য করতেই সরকার নির্ধারিত মেধাবীদের ভর্তি করাতে রাজি নয় এই কলেজটি। এবার উচ্চ মাধ্যমিক স্তরে (এইচএসসি) অনলাইনে ভর্তির আবেদনকারী ৬ লাখ ৯৭ হাজার ৭৩৫ শিক্ষার্থীর ফল গত রোববার সন্ধ্যায় প্রকাশ করা হয়। বোর্ড নির্ধারিত মেধাক্রম অনুসারেই সোমবার থেকে শুরু হয়েছে সব শিক্ষা বোর্ডের অধীনে অনলাইনের উচ্চ মাধ্যমিকে ভর্তির জন্য নির্বাচিত ৩৮৯ কলেজে ভর্তির মূল কার্যক্রম। কিন্তু আদালতের নিষেধাজ্ঞা থাকায় নটরডেম কলেজের ফল রোববারই স্থগিত করে ঢাকা শিক্ষা বোর্ড। গত বৃহস্পতিবার নটরডেম কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে জারি করা বিজ্ঞপ্তির কার্যকারিতা স্থগিত করে হাইকোর্ট। জানা যায়, গতকাল সকালে একটি পত্রিকায় নটরডেম কলেজের হঠাৎ ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি দেবে অসত্ত্বেও ছড়িয়ে পরে শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ডসহ দেশের অধিকাংশ কলেজ কর্তৃপক্ষের মাঝে। নটরডেম কলেজের এই বিজ্ঞপ্তিতে বোর্ড নয় বরং নিজেরা ভর্তি পরীক্ষা ও নিজস্ব বাছাই পদ্ধতি অনুসরণ করার ঘোষণা দেয়া হয়েছে। কিন্তু ভর্তির আবেদন ফরম বিক্রির জন্য যাত্র একদিন সময় দেয়ার ক্ষুদ্র ইতিপূর্বে মোবাইল ফোনে আবেদনকারী হাজার হাজার শিক্ষার্থী।